



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ ৬/

তারিখ :

বিষয় : নিম্ন মাধ্যমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের নথি নং-৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২৯১ তারিখ: ২৩-০৭-২০১৫ খ্রি.
খ) প্রধান শিক্ষকের ২৯-১০-২০১৫ খ্রি. তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলাধীন বংশীপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়-এর নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে পরবর্তী বিদ্যালয় মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে ০১-০১-২০১৪ খ্রি. তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তসমূহ

- ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA- আইন-২০০৫ অবশ্যই অনুসরণ করতে হবে
- ২। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ৩। প্রাথমিক অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৪। উক্ত মেয়াদের মধ্যে অস্থায়ী স্বীকৃতি পাওয়ার শর্ত পূরণে ব্যর্থ হলে প্রদত্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে
- ৫। পত্র প্রাপ্তির সাথে সাথে বর্তমান কমিটি বাতিল বলে গণ্য হবে এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অনূন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য অত্র বোর্ডে দাখিল করতে হবে
- ৬। আগামীতে জুনিয়র বৃত্তি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
- ৭। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৮। বোর্ডের পূর্বনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না
- ৯। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে
- ১০। বিদ্যালয়ের চারিদিকে ফলবান ও ঔষধি বৃক্ষ রোপন করতে হবে
- ১১। লাইব্রেরীতে বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে
- ১২। জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতি কর্তৃক আয়োজিত সকল প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে
- ১৩। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে
- ১৪। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার থাকতে হবে এবং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে
- ১৫। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না

৩৮৫

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

তারিখ :

প্রধান শিক্ষক

বংশীপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়

ডাকঘর : ঈশ্বরীপুর, উপজেলা : শ্যামনগর, জেলা : সাতক্ষীরা

স্মারক নং-বিঅ-৬/২০১৫

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্যামনগর, জেলা : সাতক্ষীরা
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, জেলা : সাতক্ষীরা
- ১০। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১। সংরক্ষণ নথি।

২৪/১০/১৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৪/১০/১৫